রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# রাজশাহী সিটি কর্পোরেশনের নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

সভার সভাপতি ঃ ড. এ.বি.এম শরীফ উদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভার স্থান ঃ প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর কক্ষ , রাজশাহী সিটি কর্পোরেশন।

সভার তারিখ ঃ ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখ রোজ মঙ্গলবার।

সময় ঃ বিকেল ৪:৩০ ঘটিকায়

১.১ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, রাজশাহী সিটি কর্পোরেশনের সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন করে গত ০৬ জুন ২০২১ তারিখে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রনীত কর্মপকিল্পনায় কর্পোরেশনের বিভিন্ন বিভাগ/শাখার কিছু কার্যাবলী সুনির্দিষ্ট করে দেয়া হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যসম্পাদন করে প্রমানকসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সচিব রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট প্রেরণের নির্দেশনা প্রদান করেন এবং অদ্যকার সভায় উপস্থিত সকলকে জাতীয় শুদ্ধাচারের বিষয়ে উন্মুক্ত আলোচনার আহবান জানান।

১.২ সভাপতির অনুমতিক্রমে সচিব ও রাজশাহী সিটি কর্পোরেশনের নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মশিউর রহমান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ক্রমিক অনুযায়ী বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

## রাজশাহী সিটি কর্পোরেশনের গঠিত নৈতিকতা কমিটির সভার আলোচনা, প্রস্তাব ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা/প্রস্তাব | গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | বই আকারে প্রেরণ | রাজশাহী সিটি কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরণকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাটি বই আকারে বাঁধাই করে কর্পোরেশনের বিভাগীয় প্রধান (সকল) এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট প্রেরণের প্রস্তাব করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাটি বই আকারে বাঁধাই করে কর্পোরেশনের বিভাগীয় প্রধান (সকল) এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব |
| ২. | জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি প্রেরণ | আলোচনায় প্রকাশ পায় যে, প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বিভিন্ন বিভাগ/শাখাকে কিছু কাজ সুনির্দিষ্ট করে দেয়া হয়েছে। সংশ্লিষ্ট বিভাগ/শাখা কর্মপরিকল্পনা অনুযায়ী তাদের কাজ সম্পন্ন করে প্রমানকসহ রাজশাহী সিটি কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সচিব এর নিকট প্রেরণ করার প্রস্তাব করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বিভাগ/শাখা তাদের কাজ সম্পন্ন করে প্রমানকসহ রাজশাহী সিটি কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সচিব এর নিকট প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় প্রধান (সকল)/শাখা প্রধান (সংশ্লিষ্ট) |
| ৩. | অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | আলোচনায় অংশ গ্রহণ করে প্রধান রাজস্ব কর্মকর্তা ও জাতীয় শুদ্ধাচারের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আবু সালেহ মোঃ নূর-ঈ-সাঈদ বলেন আগামী ২২-৯-২০২১ তারিখে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে এক সভা আহবান করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আহবানের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের বিশয়ে একমত পোষণ করা হয়। | অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৪. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | আলোচনায় প্রকাশ পায় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ক্রমিক নং- ১.৪ এ শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ২৮ | আগামী ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ টায় বিভাগীয় প্রধান সকল এবং শুদ্ধাচারের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়ে সর্বসম্মতিক্রমে | সচিব |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা/প্রস্তাব | গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | সেপ্টেম্বর ২০২১ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ টায় বিভাগীয় প্রধান সকল এবং শুদ্ধাচারের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়ে একমত পোষণ করা হয়। | সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫. | সেবা প্রত্যাশিদের জন্য ওয়ান স্টপ বুথ স্থাপন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ক্রমিক নং- ৩.১ এ সেবা প্রত্যাশিদের জন্য ওয়ান স্টপ বুথ স্থাপন করার বিষয়ে বাধ্যবাধকতা রয়েছে। আলোচনায় প্রকাশ পায় যে, ইতিপূর্বে নগর ভবনের প্রথম তলায় ওয়ান স্টপ বুথ চালু ছিল। পুনরায় তা স্থাপন এবং ওয়ান স্টপ বুথে ৩ (তিন) জন কর্মচারীকে দায়িত্ব প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | নগর ভবনের প্রথম তলায় ওয়ান স্টপ বুথ স্থাপন এবং ওয়ান স্টপ বুথে ৩ (তিন) জন কর্মচারীকে দায়িত্ব প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব |

পরিশেষে সভাপতি সভাকে অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে রাজশাহী সিটি কর্পোরেশন অন্যান্য সিটি কর্পোরেশনের তুলনায় অনেক খারাপ অবস্থায় ছিল। রাজশাহী সিটি কর্পোরেশন অনেক ভাল কাজ করলেও সঠিকভাবে প্রমানক দাখিল না করায় এ অবস্থার সৃষ্টি হয়েছে। তিনি শুদ্ধাচার সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সঠিকভাবে প্রমানক সংরক্ষণ করার আহবান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

22.09.21

সভাপতি
ও
প্রধান নির্বাহী কর্মকর্তা
নৈতিকতা কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.০৬.৫১৩.১৯. ১১৮৪(১৮)
তারিখ ঃ ০৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ / ২২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আর্কষন : উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-২শাখা)

২। বিভাগীয় প্রধান ........................................ (সকল) রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। শাখা প্রধান ........................................ (সংশ্লিষ্ট) রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। মাননীয় মেয়র এর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা'র ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬। অফিস নথি।

22/09/2021

সচিব
ও
সদস্য-সচিব
নৈতিকতা কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন